# শিরোনামঃ তথ্য প্রদর্শন বোর্ড ও মোবাইল এসএমএস এর মাধ্যমে মৎস্য অধিদপ্তরাধীন লাইসেন্স প্রাপ্তি ও নবায়ন সহজীকরণ।

## যৌক্তিকতা:

মৎস্যসম্পদ সমৃদ্ধ বগুড়া জেলা জাতীয় অর্থনৈতিক  উন্নয়ন, খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ, জনগনের পুষ্টির চাহিদা পূরণসহ কর্মসংস্থান সৃষ্টিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। বগুড়া জেলার বর্তমান বার্ষিক মৎস্য উৎপাদন ১,০৪,৯৫০ মে.টন যাহা জেলার চাহিদার চেয়ে ২০,৪৪৫ মে.টন বেশি। বর্তমান বগুড়া জেলায় ১৩৫ টি বেসরকারী মৎস্যবীজ উৎপাদন খামার , ১৫ টি মৎস্য খাদ্য বা মৎস্য খাদ্য উপকরণ উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ কারখানা, ২৯ টি মৎস্য খাদ্য আমদানী-রপ্তানীকারক প্রতিষ্ঠান, ১৭২ টি মৎস্য খাদ্য পাইকারী ও খুচরা বিক্রয় প্রতিষ্ঠান রয়েছে। নিরাপদ ও স্থায়ীত্বশীল মৎস্য উৎপাদনের নিমিত্তে সরকারের আইন ও বিধিমালা বাস্থবায়নপূর্বক সংশ্লিষ্ট সুফলভোগীদের সেবা প্রদান সহজীকরণ করা প্রয়োজন। এরই প্রেক্ষিতে মৎস্য হ্যাচারী ও মৎস্য খাদ্য উৎপাদন ও বিক্রয়ের সাথে জড়িত প্রতিষ্ঠানসমূহের লাইসেন্স প্রাপ্তি ও নবায়নের ক্ষেত্রে প্রয়োজনীয় তথ্যসম্বলিত বোর্ড স্থাপন ও লাইসেন্স প্রাপ্তির প্রয়োজনীয় তথ্যের জন্য মোবাইল এসএমএস ব্যবহার করা হবে। ফলে সেবা গ্রহণকারী প্রতিষ্ঠানসমূহ ভিজিটের সংখ্যা কমিয়ে কম সময়ে লাইসেন্স নিবন্ধন ও নবায়ন করতে পারবে  এবং তাদের খরচ তুলনামুলক অনেক কমে যাবে।

# লাইসেন্স অনুমোদন/নবায়নের বিদ্যমান প্রসেস ম্যাপ:

আবেদনকারী অসম্পূর্ন আবেদন সংশ্লিষ্ট দপ্তরে দাখিলের জন্য আগমন

↓ ০৩ কার্য দিবস

আবেদনকারী লাইসেন্সপ্রাপ্তি/নবায়নের পূর্ণাঙ্গ আবেদন দাখিলের জন্য পুনরায় অফিসে আগমন।

↓ ০২ কার্য দিবস

সংশোধিত আবেদন পুনরায় দাখিল

↓ ০৭ কার্য দিবস

উপজেলা মৎস্য দপ্তর কর্তৃক আবেদনকারীর তথ্যাদি যাচাই বাচাই ও তাঁর প্রতিষ্ঠান সরেজমিনে পরিদর্শন

↓ ০৩ কার্য দিবস

পরিদর্শন প্রতিবেদন ও প্রয়োজনীয় তথ্যাদিসহ আবেদন জেলা মৎস্য দপ্তরে প্রেরণ

↓ ১ কার্য দিবস

আবেদনকারী কর্তৃক লাইসেন্স অনুমোদন/নবায়নের হালনাগাদ অবস্থা জানার জন্য জেলা মৎস্য দপ্তরে গমন

↓ ১ কার্য দিবস

জেলা মৎস্য দপ্তর কর্তৃক আবেদনকারীর তথ্যাদি যাচাই বাচাই ও তাঁর প্রতিষ্ঠান সরেজমিনে পরিদর্শন

↓ ১ কার্য দিবস

আবেদনকারী কর্তৃক লাইসেন্স অনুমোদন/নবায়নের হালনাগাদ অবস্থা জানার জন্য পুনরায় জেলা মৎস্য দপ্তরে গমন

↓ ১ কার্য দিবস

জেলা মৎস্য দপ্তর কর্তৃক লাইসেন্স অনুমোদন /নবায়ন

↓

অনুমোদকৃত/নবায়নকৃত লাইসেন্স গ্রহণে জেলা মৎস্য দপ্তরে গমন

১কার্য দিবস

# বিদ্যামান প্রসেস ম্যাপ - এ

ধাপ সংখ্যা: ১০ টি

সময়: ২০ কার্য দিবস

আবেদনকারীর সেবা প্রাপ্তির জন্য অফিসে ভিজিট: উপজেলা কার্যালয়ে ৩ বার এবং জেলা কার্যালয়ে ০৩ বার।

খরচ: উপজেলা ও জেলা মৎস্য দপ্তরে মোট ৬ (ছয়) বার ভিজিটের প্রকৃত খরচ।

## প্রস্তাবিত প্রসেস ম্যাপঃ

আবেদনকারীর প্রয়োজনীয় কাগজপত্র/তথ্যাদিসহ লাইসেন্স গ্রহণ/নবায়নের জন্য সংশ্লিষ্ট দপ্তরে দাখিল

↓

উপজেলা মৎস্য দপ্তর কর্তৃক আবেদনকারীর তথ্যাদি যাচাইবাচাই ও প্রতিষ্ঠান পরিদর্শন।

০৬ কার্য দিবস

↓

পরিদর্শন প্রতিবেদন ও প্রয়োজনীয় তথ্যাদিসহ আবেদনপত্র জেলা মৎস্য দপ্তরে প্রেরণ

০৩ কার্য দিবস

↓

জেলা মৎস্য দপ্তর কর্তৃক আবেদনকারীর তথ্যাদি যাচাই বাচাই ও তাঁর প্রতিষ্ঠান সরেজমিনে পরিদর্শন

১ কার্য দিবস

↓

জেলা মৎস্য দপ্তর কর্তৃক লাইসেন্স অনুমোদন /নবায়ন ।

১ কার্য দিবস

⇓ ১ কার্য দিবস

জেলা মৎস্য দপ্তর কর্তৃক মোবাইল এসএমএস এর মাধ্যমে আবেদনকারী ও সংশ্লিষ্ট উপজেলা মৎস্য দপ্তরকে অবহিতকরণ

⇓ ১ কার্য দিবস

আবেদনকারী কর্তৃক সংশ্লিষ্ট মৎস্য দপ্তর হতে লাইসেন্স গ্রহণ

## প্রস্তাবিত প্রসেস ম্যাপ - এ

ধাপ সংখ্যা : ৭ টি

সময় : ১২ কার্য দিবস

আবেদনকারীর সেবা প্রাপ্তির জন্য অফিসে ভিজিট: ০২ (দুই) বার।

খরচ: ০২ (দুই) বার ভিজিটের প্রকৃত খরচ।

## প্রত্যাশিত সুবিধাদি:

১. সেবা প্রার্থীর সেবার জন্য যাতায়াত সংখ্যা ০৬ থেকে কমে ০২ বার নেমে আসবে।

২. কম সময়ের মধ্যে সেবা প্রাপ্তির নিশ্চয়তা ।

৩. সেবা গ্রহণকারীর যাতায়াতের সংখ্যা কম হবে বিধায় আর্থিক খরচ বহলাংশে কমে যাবে।

২২/১২/২০২৪
জেলা মৎস্য কর্মকর্তা
বগুড়া।